● মাধ্যমিক

# অনলাইন ক্লাস হচ্ছে কিনা খোঁজ নিতে নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক** ●
দেশের মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ক্লাস মনিটরিংয়ের নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইন ক্লাস পরিচালনা করছে এবং কারা করছে না, তার তথ্য সংগ্রহের নির্দেশ দেওয়া হয়েছে। করোনাকালে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় প্রান্তিক পর্যায় পর্যন্ত শিক্ষা কার্যক্রম নিশ্চিত করা এবং অনলাইন ক্লাস ইন্টারেক্টিভ করতে এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ মো. গোলাম ফারুক বলেন, শিক্ষা প্রতিষ্ঠান খুলে না দেওয়া পর্যন্ত দেশের প্রান্তিক পর্যায়ে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমে যুক্ত করার জন্য এসব ব্যবস্থা নেওয়া হচ্ছে।

টেলিভিশন এবং অনলাইন ক্লাসের সমন্বয় করে রুটিন তৈরিসহ ৫ দফা নির্দেশনা দেওয়া হয়েছে শিক্ষার ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

# অনলাইন ক্লাস

**(প্রথম পৃষ্ঠার পর)** মাঠপ্রশাসনের জন্য। সেগুলোর মধ্যে রয়েছে– অনলাইন ক্লাস নিতে না পারা বিদ্যালয়ের পরিসংখ্যান সংগ্রহ করে অধিদপ্তরকে জানানো; জেলা পর্যায়ের অনলাইন ক্লাসে উপজেলা পর্যায়ের শিক্ষার্থীদের যুক্ত করা; স্কুলের অনলাইন ক্লাসগুলো 'জুম' বা 'গুগল মিট' বা 'মাইক্রোসফট টিম' বা অন্য যে কোনো মাধ্যমে মিথস্ক্রিয় করার ব্যবস্থা নেওয়া; সংসদ টিভি, স্কুল কর্তৃপক্ষ পরিচালিত অনলাইন ক্লাস, জেলা ও উপজেলা অনলাইন ক্লাসগুলোতে অগ্রাধিকার দিয়ে ক্লাস রুটিন প্রস্তুত করা এবং কার্যকর মনিটরিং ব্যবস্থা নেওয়া।